
## অধ্যায়-১৪ ত্রিভুজ

**❑ এ অধ্যায়ে জানতে পারব**

- ত্রিভুজের সংজ্ঞা ও অঙ্কন সম্পর্কে
- বাহুভেদে ত্রিভুজের প্রকারভেদ, তাদের সংজ্ঞা ও চিত্র সম্পর্কে
- কোণভেদে ত্রিভুজের প্রকারভেদ, তাদের সংজ্ঞা ও অঙ্কন সম্পর্কে।

## গুরুত্বপূর্ণ তথ্য

**ত্রিভুজ :** তিনটি রেখাংশ দ্বারা আবদ্ধ চিত্রকে ত্রিভুজ বলে। রেখাংশগুলো ত্রিভুজের বাহু। ত্রিভুজের তিনটি বাহু ও তিনটি কোণ রয়েছে।




কখগ একটি ত্রিভুজ। এর কখ, খগ ও গক তিনটি বাহু। আবার ∠খকগ, ∠খগক এবং ∠গখক তিনটি কোণ।

বাহুভেদে ত্রিভুজ তিন প্রকার। নিচে এদের সম্পর্কে সংক্ষেপে আলোচনা করা হলো।

১. **সমবাহু ত্রিভুজ :** (সম = সমান) যে ত্রিভুজের তিনটি বাহুই সমান তাকে সমবাহু ত্রিভুজ বলে। সমবাহু ত্রিভুজের তিনটি কোণই সমান এবং এরা প্রত্যেকটিই ৬০°।

চিত্রে কখগ একটি সমবাহু ত্রিভুজ। কারণ, বাহু কখ = বাহু খগ = বাহু গক।

২. **সমদ্বিবাহু ত্রিভুজ :** (সম = সমান, দ্বি= দুই) যে ত্রিভুজের দুইটি বাহু সমান তাকে সমদ্বিবাহু ত্রিভুজ বলে। সমদ্বিবাহু ত্রিভুজ এর দুইটি সমান কোণ রয়েছে।

চিত্রে কখগ একটি সমদ্বিবাহু ত্রিভুজ। কারণ, এর বাহু কখ = বাহু কগ।

৩. **বিষমবাহু ত্রিভুজ :** (বিষম = অসমান) যে ত্রিভুজের তিনটি বাহুই অসমান তাকে বিষমবাহু ত্রিভুজ বলে। এই ত্রিভুজের কোনো কোণই সমান নয়।

চিত্রে কখগ বিষমবাহু ত্রিভুজ। কারণ এর কোনো বাহুই সমান নয়।

১. **সমকোণী ত্রিভুজ :** যে ত্রিভুজের একটি কোণের মান এক সমকোণ বা ৯০° তাকে সমকোণী ত্রিভুজ বলে।

চিত্রে কখগ একটি সমকোণী ত্রিভুজ। কারণ ∠কখগ = ১ সমকোণ বা ৯০°।

২. **সূক্ষ্মকোণী ত্রিভুজ :** যে ত্রিভুজের তিনটি কোণই সূক্ষ্মকোণ (৯০° অপেক্ষা ছোট)। তাকে সূক্ষ্মকোণী ত্রিভুজ বলে।

চিত্রে কখগ একটি সূক্ষ্মকোণী ত্রিভুজ। কারণ এর প্রত্যেকটি কোণ ৯০° অপেক্ষা ছোট।

৩. **স্থূলকোণী ত্রিভুজ :** যে ত্রিভুজের একটি কোণ স্থূলকোণ (৯০° অপেক্ষা বড়) তাকে স্থূলকোণী ত্রিভুজ বলে।

চিত্রে কখগ একটি স্থূলকোণী ত্রিভুজ। কারণ এর ∠কখগ, ৯০° অপেক্ষা বড় ।

## ১৪.২ অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

**নিচের ত্রিভুজগুলো আঁক :**

**(১)**

**(২)**

(৩)

উপরের ত্রিভুজগুলোকে নিচের দুই ধরনের তালিকায় উল্লেখ কর :

| ত্রিভুজের ধরন | ত্রিভুজ (১) | ত্রিভুজ (২) | ত্রিভুজ (৩) |
|---|---|---|---|
| বাহু ভিত্তিতে | | | |
| কোণ ভিত্তিতে | | | |

| ত্রিভুজের ধরন | ত্রিভুজ (১) | ত্রিভুজ (২) | ত্রিভুজ (৩) |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| **বাহু ভিত্তিতে** | সমদ্বিবাহু | সমবাহু | বিষমবাহু |
| **কোণ ভিত্তিতে** | সূক্ষ্মকোণী | সূক্ষ্মকোণী | সমকোণী |

**নিচের ত্রিভুজগুলোকে সমদলভুক্ত কর এবং ত্রিভুজগুলো দলভুক্তকরণের কারণ নিয়ে শ্রেণিতে আলোচনা কর।**

ত্রিভুজগুলোকে বাহুর ভিত্তিতে সমদলভুক্ত করে দলভুক্তকরণের কারণ আলোচনা করা হলো :

ক ও খ সমদ্বিবাহু ত্রিভুজ।

কারণ, ক ত্রিভুজের দুইটি বাহুর দৈর্ঘ্য সমান অর্থাৎ ৪ সেমি। অপর বাহুর দৈর্ঘ্য ২.২ সেমি।

আবার খ ত্রিভুজেরও দুইটি বাহুর দৈর্ঘ্যের পরিমাণ সমান অর্থাৎ ২.৮ সেমি এবং অপর বাহুর দৈর্ঘ্য ৫.৩ সেমি।

ক ও খ ত্রিভুজের প্রত্যেকটির দুইটি করে বাহু সমান।

গ ও ঙ বিষমবাহু ত্রিভুজ।

কারণ, গ ত্রিভুজের বাহুগুলোর দৈর্ঘ্য যথাক্রমে ৪.৮ সেমি, ৩.৮ সেমি ও ২.৯ সেমি যেগুলো পরস্পর অসমান।

আবার, ঙ ত্রিভুজের বাহুগুলোর দৈর্ঘ্য যথাক্রমে ৩.৬ সেমি, ৫.১ সেমি ও ২ সেমি যেগুলো পরস্পর অসমান।

গ ও ঙ ত্রিভুজের প্রত্যেকটির তিনটি বাহুর কোনোটিই সমান নয়।

ঘ সমবাহু ত্রিভুজ।

কারণ, প্রত্যেকটি বাহুর দৈর্ঘ্য ৩.৮ সেমি।

অর্থাৎ ঘ ত্রিভুজের প্রত্যেকটি বাহু সমান।

ত্রিভুজগুলোকে কোণের ভিত্তিতে সমদলভুক্ত করে দলভুক্তকরণের কারণ আলোচনা করা হলো :

ক ও ঘ সূক্ষ্মকোণী ত্রিভুজ।

কারণ, ক ও ঘ এর সবগুলো কোণই $90^\circ$ এর চেয়ে ছোট।

খ ও ঙ স্থূলকোণী ত্রিভুজ।

কারণ খ ও ঙ এর প্রত্যেকটির তিনটি কোণের একটি $90^\circ$ এর চেয়ে বড়।

গ সমকোণী ত্রিভুজ।


কারণ গ এর একটি কোণ $90^\circ$।

## পরীক্ষা প্রস্তুতি


### ❑ বহুনির্বাচনি প্রশ্নের উত্তর (যোগ্যতাভিত্তিক)

**শিখনফল:** ত্রিভুজ এবং বাহুভেদে ত্রিভুজের প্রকার সম্পর্কে জানা যাবে।

১. **চিত্রে কখ বাহু = কগ বাহু হলে ত্রিভুজটির নাম কী?** (গ)




(ক) সমবাহু (খ) বিষমবাহু
(গ) সমদ্বিবাহু (ঘ) সূক্ষ্মকোণী

২.  **চিত্রটির নাম কী?** (ক)

(ক) ত্রিভুজ (খ) চতুর্ভুজ
(গ) পঞ্চভুজ (ঘ) বর্গক্ষেত্র

**শিখনফল:** কোণভেদে ত্রিভুজের প্রকার সম্পর্কে জানা যাবে।

৩. **যে ত্রিভুজের প্রত্যেকটি কোণের মান $90^\circ$ অপেক্ষা ছোট, তাকে বলে ——— ত্রিভুজ।** (গ)

(ক) স্থূলকোণী (খ) সমকোণী
(গ) সূক্ষ্মকোণী (ঘ) সমবাহু





৪. **একটি ত্রিভুজের একটি কোণ $90^\circ$, ত্রিভুজটির নাম কী?** (খ)

(ক) স্থূলকোণী (খ) সমকোণী
(গ) সূক্ষ্মকোণী (ঘ) সমদ্বিবাহু





৫. **কোনো ত্রিভুজের একটি কোণ $100^\circ$। ত্রিভুজটির নাম কী?** (ঘ)

(ক) বিষমবাহু (খ) সূক্ষ্মকোণী
(গ) সমকোণী (ঘ) স্থূলকোণী





৬. **কোনটি স্থূলকোণী ত্রিভুজ?** (গ)


(ক)  (খ) 
(গ)  (ঘ) 

৭. **নিচের কোনটি সমকোণী ত্রিভুজ?** (ক)


(ক)  (খ) 
(গ)  (ঘ) 

৮. **নিচের কোনটি সূক্ষ্মকোণী ত্রিভুজ?** (খ)


(ক)  (খ) 
(গ)  (ঘ) 

৯.  **চিত্রটি একটি সমবাহু ত্রিভুজ। এর একটি বৈশিষ্ট্য হলো–** ঘ

ক তিনটি সমান্তরাল বাহু  খ দুইটি সমানবাহু
গ তিনটিই অসমান বাহু  ঘ তিনটি সমান কোণ

১০.  **ত্রিভুজটির প্রতিটি কোণ ৬০° হলে এটি হবে–** গ

ক সমদ্বিবাহু ত্রিভুজের  খ সমকোণী ত্রিভুজের
গ সূক্ষ্মকোণী ত্রিভুজ  ঘ স্থূলকোণী ত্রিভুজ


১১. 

**চিত্রটি কী ধরনের ত্রিভুজ?** ক

ক সমবাহু  খ সমদ্বিবাহু
গ বিষমবাহু  ঘ সমকোণী

১২. **সমবাহু ত্রিভুজের ৬০° কোণ কয়টি?** গ

ক ১  খ ২
গ ৩  ঘ ৪

১৩. 

**চিত্রের ত্রিভুজটির × স্থানে ৯০° এবং একটি ✓ স্থানে ৪৫° হলে ত্রিভুজটি কী ধরনের হবে?** খ

ক সমবাহু  খ সমদ্বিবাহু
গ বিষমবাহু  ঘ স্থূলকোণী

---

❑ **সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর :**

---

➲ **সাধারণ**

১. **ত্রিভুজ কাকে বলে?**
**উত্তর :** তিনটি রেখাংশ দ্বারা আবদ্ধ চিত্রকে ত্রিভুজ বলে। ত্রিভুজের তিনটি বাহু ও তিনটি কোণ রয়েছে।

২. **বাহুভেদে ত্রিভুজ কত প্রকার ও কী কী?**
**উত্তর :** বাহুভেদে ত্রিভুজ তিন প্রকার : সমবাহু, সমদ্বিবাহু ও বিষমবাহু ত্রিভুজ।

৩. **সমবাহু ত্রিভুজের সংজ্ঞা দাও।**
**উত্তর :** যে ত্রিভুজের সবগুলো বাহু সমান তাকে সমবাহু ত্রিভুজ বলে।

৪. **সমদ্বিবাহু ত্রিভুজ কাকে বলে?**
**উত্তর :** যে ত্রিভুজের দুইটি বাহু সমান তাকে সমদ্বিবাহু ত্রিভুজ বলে।

৫. **বিষমবাহু ত্রিভুজ কাকে বলে?**
**উত্তর :** যে ত্রিভুজের সবগুলো বাহু পরস্পর অসমান তাকে বিষমবাহু ত্রিভুজ বলে।

৬. **কোণভেদে ত্রিভুজ কত প্রকার ও কী কী?**
**উত্তর :** কোণভেদে ত্রিভুজ তিন প্রকার : সমকোণী, সূক্ষ্মকোণী এবং স্থূলকোণী ত্রিভুজ।

৭. **সমকোণী ত্রিভুজের সংজ্ঞা দাও।**
**উত্তর :** যে ত্রিভুজের একটি কোণ সমকোণ (৯০°) তাকে সমকোণী ত্রিভুজ বলে।

৮. **সূক্ষ্মকোণী ত্রিভুজ কাকে বলে?**
**উত্তর :** যে ত্রিভুজের তিনটি কোণই সূক্ষ্মকোণ (৯০° এর ছোট) তাকে সূক্ষ্মকোণী ত্রিভুজ বলে।

৯. **স্থূলকোণী ত্রিভুজ কাকে বলে**
**উত্তর :** যে ত্রিভুজের একটি কোণ স্থূলকোণ (৯০° এর বড়) তাকে স্থূলকোণী ত্রিভুজ বলে।

১০. **ত্রিভুজের কয়টি বাহু থাকে?**
**উত্তর :** ত্রিভুজের ৩টি বাহু থাকে।

১১. **ত্রিভুজের কয়টি কোণ থাকে?**
**উত্তর :** ত্রিভুজের ৩টি কোণ থাকে।

১২. **'ত্রিভুজ' শব্দের অর্থ কী?**
**উত্তর :** 'ত্রিভুজ' শব্দের অর্থ তিন বাহু।

১৩. **ত্রিভুজের বাহুগুলো কোথায় যুক্ত হয়?**
**উত্তর :** ত্রিভুজের বাহুগুলো কৌণিক বিন্দুতে যুক্ত হয়।

১৪. **তিন বাহু সমান থাকলে তাকে কী ত্রিভুজ বলে?**
**উত্তর :** তিন বাহু সমান থাকলে তাকে সমবাহু ত্রিভুজ বলে।

১৫. **তিন বাহু অসমান থাকলে তাকে কী ত্রিভুজ বলে?**
**উত্তর :** তিন বাহু অসমান থাকলে তাকে বিষমবাহু ত্রিভুজ বলে।


১৬. **ত্রিভুজের প্রত্যেকটি কোণ কয়টি বাহু মিলিত হয়ে গঠিত হয়?**
**উত্তর :** ত্রিভুজের প্রত্যেকটি কোণ দুইটি বাহু মিলিত হয়ে গঠিত হয়।


➲ **যোগ্যতাভিত্তিক**

**১৭. কোন চিহ্ন দ্বারা ত্রিভুজ বোঝানো হয়?**

**উত্তর :** '$\Delta$' চিহ্নটি দ্বারা ত্রিভুজ বোঝানো হয়।


**১৮. বিষমবাহু ত্রিভুজের চিত্র অঙ্কন কর।**

**উত্তর :** 


**১৯.** 


**ত্রিভুজটির নাম কী?**

**উত্তর :** সমকোণী ত্রিভুজ।

**২০.** 

**চিত্রের ক = ৯০° হলে ত্রিভুজটির নাম লেখ।**

**উত্তর :** সমকোণী ত্রিভুজ।

**২১.** 

**চিত্রের ত্রিভুজটির নাম লেখ।**


**উত্তর :** বিষমবাহু ত্রিভুজ বা স্থূলকোণী ত্রিভুজ।

---

**❑ কাঠামোবদ্ধ প্রশ্নের উত্তর (যোগ্যতাভিত্তিক) :**

---

**১ নিচের উদ্দীপকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও।**




চিত্র- র    চিত্র- রর    চিত্র- ররর

(ক) চিত্র- র, রর ও ররর এর নামগুলো লেখ। ২

(খ) চিত্র (র) এর ত্রিভুজের সংজ্ঞা দাও। ২

(গ) চিত্র (ররর) এর ত্রিভুজের সংজ্ঞা দাও। ২

(ঘ) চিত্র- রর ও চিত্র- ররর এর মধ্যে তুলনা কর। ২

(ঙ) চিত্র- র ও চিত্র- রর এর মধ্যে মিলগুলো কী কী? ২

**সমাধান :**

**(ক)** চিত্র- র এর নাম সমবাহু ত্রিভুজ।

চিত্র- রর এর নাম সমদ্বিবাহু ত্রিভুজ।

চিত্র- ররর এর নাম বিষমবাহু ত্রিভুজ।

**(খ)** চিত্র (র) এর ত্রিভুজটির প্রত্যেকটি বাহু ৩ সে.মি. বলে এটি সমবাহু ত্রিভুজ।

**সমবাহু ত্রিভুজ :** যে ত্রিভুজের তিনটি বাহু পরস্পর সমান তাকে সমবাহু ত্রিভুজ বলে।


**(গ)** চিত্র (ররর) এর ত্রিভুজটির বাহু তিনটি পরস্পর অসমান বলে এটি বিষমবাহু ত্রিভুজ।

**বিষমবাহু ত্রিভুজ :** যে ত্রিভুজের সবগুলো বাহু অসমান তাকে বিষমবাহু ত্রিভুজ বলে।

**(ঘ)** চিত্র- রর, একটি সমদ্বিবাহু ত্রিভুজ। এর দুইটি বাহু সমান, কোণগুলো সূক্ষ্মকোণ।

চিত্র- ররর, একটি বিষমবাহু ত্রিভুজ। এর একটি কোণ স্থূলকোণ। অন্য দুইটি সূক্ষ্মকোণ। এর কোনো বাহুই সমান নয়।

**(ঙ)** চিত্র- র ও চিত্র- রর এর প্রত্যেকটি কোণ সূক্ষ্মকোণ। চিত্র- রর এর দুই বাহু ও চিত্র- ররর এর দুই বাহুর সমান।

**২** 



(ক) কখ = ৫ সেমি, খগ = ৩ সেমি ও কগ = ৫ সেমি পরিমাপ নিয়ে ত্রিভুজটি আঁক।

(খ) খগ = ৫ সেমি ও ∠ক = ∠খ = ৬০° হলে ত্রিভুজটি কী ধরনের এবং কেন?


(গ) খগ = ৮ সেমি এবং কগ = ৬ সেমি পরিমাপ নিয়ে ত্রিভুজ আঁক এবং কখ এর পরিমাপ নির্ণয় কর।

**সমাধান :**

**(ক)**





**(খ)**



স্কেল ও চাঁদার সাহায্যে খগ = ৫ সেমি ও ∠খ = ৬০° ও ∠গ = ৬০° অঙ্কন করলাম। ফলে কখগ ত্রিভুজ পাওয়া গেল।

এখন স্কেলের সাহায্যে কখ = কগ = ৫ সেমি ও চাঁদার সাহায্যে ∠ক = ৬০° পাই। ফলে কখগ ত্রিভুজটি সমবাহু। কারণ কখ = কগ = খগ = ৫ সেমি এবং প্রত্যেকটি কোণ সমান অর্থাৎ ∠ক = ∠খ = ৬০°।

**(গ)**




(১) স্কেলের সাহায্যে খগ = ৮ সেমি আঁকি।

(২) গ বিন্দুতে চাঁদার সাহায্যে ∠খগঘ = ৯০° কোণ আঁকি।

(৩) গঘ থেকে কগ = ৬ সেমি দৈর্ঘ্য আঁকি। স্কেলের সাহায্য কখ এর পরিমাপ ১০ সেমি পাই।